
**কেস স্টাডি/ সাফল্যগাথা :**

- ০১ -

রেজি নং:-৭৯৩৩
রোগীর নাম: রেদোয়ান আহমদ
রোগের ধরণ: সি,পি
পিতার নাম: মকদ্দুছ আলী
মাতার নাম: রাহেনা বেগম
ঠিকানা: খিদ্রা, পোঃ লাকেশ্বর বাজার, উপজেলা ঃ ছাতক, জেলা ঃ সুনামগঞ্জ
মোবাইল নং: ০১৭৪৭-৫১৬১২৩,



ছাতক উপজেলার বাসিন্দা মকদ্দুছ আলী ও রাহেনা বেগম এর কনিষ্ঠ সন্তান রেদোয়ান আহমদ। ২০১১ সালের ১৯ নভেম্বর তার জন্ম। জন্মের পরপর বাবা- মা কেউই বুঝতে পারেননি তাদের আদরের সন্তান আর দশটা শিশুর মতো স্বাভাবিক নয়। কিছুটা সময় অতিবাহিত হলে তারা বুজতে পারেন রেদোয়ান স্বাভাবিকভাবে বেড়ে উঠছে না। ছেলেকে নিয়ে চরম উৎকণ্ঠা ও উদ্বেগ নিয়ে বাবা- মা ছুটতে থাকেন বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে চিকিৎসকদের কাছে। একসময় সিলেটের স্বনামধন্য শিশু বিশেষজ্ঞ ডাঃ মনোজীর আলীর পরামর্শে বিগত ২৩ অক্টোবর ২০২২খ্রি. তারিখে রেদোয়ানকে নিয়ে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেটে আসেন। ছেলেটির বয়স যখন ১২ বছর হয়ে গেলো কিন্তু এখনো ভালোভাবে বসতে পারেনা, দাড়াতে পারেনা, কিভাবে কাটবে তার সারাটা জীবন এ মানসিক যন্ত্রণায় পরিবারের সবাই অস্থির হয়ে পড়েন। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কনসালট্যান্ট ডাঃ নীলিমা আহম্মেদ তাদেরকে আশ্বাস দিয়ে বলেন নিয়মিত থেরাপিউটিক চিকিৎসা ও আমাদের পরামর্শ অনুযায়ী চললে রেদোয়ান অনেকটাই সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠবে। কনসালট্যান্ট এর পরামর্শ অনুযায়ী রেদোয়ান এর বাবা মা নিয়মিত সেবাকেন্দ্রে সেবা নিতে আসেন। এখন রেদোয়ান ভালোভাবে বসতে পারে, দাড়াতে পারে, হাটতে পারে এবং কথা বলাও শিখছে। ছেলের অবস্থার ক্রমশ উন্নতিতে সরকারের প্রতি, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতি কৃতজ্ঞতার কথা জানান তার অভিভাবক। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে বিনামূল্যে সেবা নিতে এরকম অসুস্থ শিশুদের পরিবারকে নিয়মিত উৎসাহিত করছেন তারা।